


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উচ্চ মাধ্যমিক উপবৃত্তি প্রকল্প  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
শিক্ষাভবন, ঢাকা।

স্মারক নং-এইচএসএসপি/মাঠ পর্যায়ে উঃ বিঃ বিঃ/১৩১

তারিখ : ২১.০৩.২০১৭ খ্রি.

বিষয় : ২০১৫-১৬ শিক্ষাবর্ষের দ্বাদশ শ্রেণির শিক্ষার্থীদের ৪র্থ কিস্তির (জানুয়ারি '১৭-জুন, '১৭) উপবৃত্তির জন্য অনলাইনে শিক্ষার্থী তথ্য সংযোজন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, উচ্চ মাধ্যমিক উপবৃত্তি প্রকল্পের আওতায় ২০১৫-১৬ শিক্ষাবর্ষের দ্বাদশ শ্রেণির শিক্ষার্থীদের তালিকা এ প্রকল্পের সফটওয়্যার (HSSP Software)-এ আপলোড করা হয়েছে। উক্ত শিক্ষার্থীদের ৪র্থ কিস্তির উপবৃত্তিসহ অন্যান্য অনুদানের অর্থ প্রদানের লক্ষ্যে তালিকার শিক্ষার্থীগণ এইচএসপি/আলিম/সমমান পরীক্ষার ফরম পূরণ করেছে কিনা এবং বিবাহিত কিনা এ দুটি মডিউল সংযোজন করা হয়েছে। উক্ত মডিউল দুটি স্ব-স্ব শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক ০২.০৪.২০১৭ খ্রিঃ তারিখের মধ্যে জরুরী ভিত্তিতে পূরণ (Entry) করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো। উল্লিখিত তথ্য পূরণের জন্য বিস্তারিত নির্দেশনা এ প্রকল্পের Website: [www.hssp.gov.bd](http://www.hssp.gov.bd) এ Home Page -এর Important Links কলামে **\*\*Instructions of Entry Information for ClassXII** নামে দেওয়া হয়েছে। এ বিষয়ে সংশ্লিষ্ট উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার/ উপবৃত্তি লিয়াজৌ অফিসারকে তাঁদের স্ব স্ব উপজেলা/মেট্রো এলাকার শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণকে অবহিত করে নির্ধারিত সময়ের মধ্যে উল্লিখিত তথ্যাদি যাতে সফটওয়্যারে সংযোজিত হয় তার লক্ষ্যে কার্যকরী মনিটরিং করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। এছাড়া যে সকল প্রতিষ্ঠান এখনও Institution Profile Form টি পূরণ করে এ প্রকল্পে ই-মেইল করেন নাই তাঁদেরকে জরুরীভিত্তিতে উক্ত ফরমটি পূরণ করে প্রকল্পের ই-মেইল [hsspedu@gmail.com](mailto:hsspedu@gmail.com) ঠিকানায় প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। তথ্যসমূহ অতীব জরুরী।

  
২১.০৩.২০১৭

(শ.ম. সাইফুল আলম)  
উপ- প্রকল্প পরিচালক  
৯৫৭৪২১০

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার/  
উপবৃত্তি লিয়াজৌ অফিসার (সকল)

**অনুলিপি : সদয় অবগতি ও কার্যার্থে-**

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ২। পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ৩। অধ্যক্ষ, উচ্চ মাধ্যমিক উপবৃত্তি প্রকল্পকর্তৃক প্রতিষ্ঠান (সকল)।
- ৪। সহকারী প্রকল্প পরিচালক, এইচএসএসপি (সকল) [মাঠ পর্যায়ে টেলিফোন/মোবাইলের মাধ্যমে যোগাযোগ করে তথ্য এন্ট্রি নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো]।
- ৫। জেলা শিক্ষা অফিসার (সকল)।
- ৬। সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা। (প্রতিটি মাউশির ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৭। প্রকল্প কর্মকর্তা, এইচএসএসপি (সকল)[মাঠ পর্যায়ে টেলিফোন/মোবাইলের মাধ্যমে যোগাযোগ করে তথ্য এন্ট্রি নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো]।
- ৮। অফিস কপি।

Stipend Monitoring